# বাংলাদেশ সেনাবাহিনীতে যোগ দিন

## ৭৮তম ডিএসএসসি (এএমসি) এবং ৬৫তম ডিএসএসসি (এডিসি) - পুরুষ/মহিলা

সমরে ও শান্তিতে রাখিব সুস্থ

যোগ্যতাঃ

১। **বয়স**। ০১ জানুয়ারি ২০২২ তারিখে অনূর্ধ্ব ২৮ বছর (এফিডেভিট গ্রহণযোগ্য নয়)।

২। **শারীরিক মান (ন্যূনতম)**।

| ক্রমিক | শারীরিক যোগ্যতা | পুরুষ প্রার্থীদের জন্য | মহিলা প্রার্থীদের জন্য |
|---|---|---|---|
| ক। | উচ্চতা | ১.৬৩ মিটার (৫ ফুট ৪ ইঞ্চি) | ১.৫৭ মিটার (৫ ফুট ২ ইঞ্চি) |
| খ। | ওজন* | ৫৭.০০ কেজি (১২৬ পাউন্ড) | ৪৯.০০ কেজি (১০৯ পাউন্ড) |
| গ। | বুক | স্বাভাবিক - ০.৭৬ মিটার (৩০ ইঞ্চি)<br>প্রসারণ - ০.৮১ মিটার (৩২ ইঞ্চি) | স্বাভাবিক - ০.৭১ মিটার (২৮ ইঞ্চি)<br>প্রসারণ - ০.৭৬ মিটার (৩০ ইঞ্চি) |
| * উচ্চতা ও বয়স অনুসারে সশস্ত্র বাহিনীর জন্য নির্ধারিত স্কেলের অতিরিক্ত ওজন হলে অযোগ্য বিবেচিত হবেন। | | | |

৩। **শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম)**।

ক। **আর্মি মেডিকেল কোর (পুরুষ/মহিলা) এর জন্য**। এসএসসি এবং এইচএসসি বা সমমানের উভয় পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্তসহ সরকার কর্তৃক অনুমোদিত মেডিকেল কলেজ হতে এমবিবিএস ডিগ্রী এবং ইন্টর্ণশীপ সম্পন্নকারী।

খ। **আর্মি ডেন্টাল কোর (পুরুষ/মহিলা) এর জন্য**। এসএসসি এবং এইচএসসি বা সমমানের উভয় পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্তসহ সরকার কর্তৃক অনুমোদিত মেডিকেল কলেজ হতে বিডিএস ডিগ্রী এবং ইন্টর্ণশীপ সম্পন্নকারী।

৪। **বৈবাহিক অবস্থা**।

ক। **পুরুষ**। (১) অবিবাহিত।
(২) বিবাহিত (০১ জানুয়ারি ২০২২ তারিখে ২৬ বছরের উপরে বিবাহিত প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

খ। **মহিলা**। বিবাহিতা/অবিবাহিতা।

৫। **জাতীয়তা**। জন্মসূত্রে বাংলাদেশী নাগরিক।

প্রার্থীর জন্য অযোগ্যতাঃ

৬। সেনা/নৌ/বিমান বাহিনী অথবা যে কোন সরকারী চাকরি হতে অপসারিত/বরখাস্ত।

৭। আইএসএসবি (ISSB) কর্তৃক ০২ (দুই) বার স্ক্রিন্ড আউট/প্রত্যাখ্যাত (একবার স্ক্রিন্ড আউট ও একবার প্রত্যাখ্যাত হলে আবেদন করা যাবে)। তবে ০৫ (পাঁচ) বছর পূর্বে ০২ (দুই) বার স্ক্রিন্ড আউট/প্রত্যাখ্যাত প্রার্থীগণও আবেদন করতে পারবেন।

৮। প্রতিটি চোখের দৃষ্টিক্ষীনতা ও দূরদৃষ্টি ২.৫ ডাইঅপ্টার এর বেশি এবং বিষমদৃষ্টি ১.০ ডাইঅপ্টার এর বেশি হলে সেক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবেন।

৯। সেনা, নৌ ও বিমান বাহিনীর আপিল মেডিকেল বোর্ড কর্তৃক অযোগ্য ঘোষিত।

১০। মেডিকেল কলেজের পেশাগত পরীক্ষাসমূহে সর্বমোট ০২ (দুই) বা ততোধিক বিষয়ে রেফার্ড প্রাপ্ত ডাক্তারগণ সেনাবাহিনীতে ভর্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবেন।

আবেদন করার পদ্ধতিঃ

১১। **০২ জুলাই ২০২১** তারিখ হতে https://joinbangladesharmy.army.mil.bd ওয়েবসাইটের মাধ্যমে শুধুমাত্র অনলাইনে আবেদন করা যাবে। এক্ষেত্রে ওয়েবসাইটে প্রবেশ করে Home Page এর উপরে ডান কোনায় APPLY NOW তে ক্লিক করে বর্ণিত কোর্সে APPLY করতে হবে। আবেদনকারী প্রার্থীগণ Trust Bank t-cash, VISA/Master Card, bkash, Rocket ইত্যাদির মাধ্যমে ১০০০/- (এক হাজার) টাকা আবেদন ফি প্রদান করতে পারবেন। আবেদন প্রক্রিয়াতেই ওয়েবসাইটে বর্ণিত পদ্ধতি অনুসরণ করে আবেদন ফি প্রদান করা যাবে এবং তাৎক্ষণিকভাবে লিখিত পরীক্ষার জন্য কল-আপ লেটার পাওয়া যাবে।

১২। অনলাইনে আবেদন করতে যে কোন প্রকার অসুবিধা হলে ওয়েবসাইটে দেখানো কাস্টমার সাপোর্ট নম্বরে (+৮৮০১৭১৩১৬১৯৭৯) সরাসরি যোগাযোগ করুন।

নির্বাচন পদ্ধতিঃ

১৩। **লিখিত পরীক্ষা**। লিখিত পরীক্ষা (পেশাগত বিষয়ে ১০০ নম্বর) আগামী **০৬ আগষ্ট ২০২১** তারিখ ০৯০০ ঘটিকায় শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা সেনানিবাসে অনুষ্ঠিত হবে। আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতঃ প্রার্থীরা কল-আপ লেটার প্রিন্ট করে নিবেন এবং পরীক্ষার সময় কল-আপ লেটার সাথে বহন করবেন। লিখিত পরীক্ষার ফলাফল আগামী ২৫ আগষ্ট ২০২১ তারিখে ওয়েবসাইট ও এসএমএস/টেলিফোনের মাধ্যমে জানানো হবে।







১৪। **প্রাথমিক স্বাস্থ্য ও মৌখিক পরীক্ষা**। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের প্রাথমিক স্বাস্থ্য ও মৌলিক পরীক্ষা আগামী ১২ সেপ্টেম্বর হতে ১৬ সেপ্টেম্বর ২০২১ তারিখ পর্যন্ত ডিজিএমএস অফিস, ঢাকা সেনানিবাসে অনুষ্ঠিত হবে। মৌখিক পরীক্ষার সময় সকল পরীক্ষার সার্টিফিকেট ও মার্কসীট এর মূলকপি (এসএসসি, এইচএসসি, এমবিবিএস/বিডিএস, ইন্টার্ণশীপ এবং বিএমডিসি রেজিষ্ট্রেশন কার্ড) প্রদর্শন করতে হবে, অন্যথায় অযোগ্য বলে বিবেচিত হবেন।

১৫। **আইএসএসবি পরীক্ষা**। লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ঢাকা সেনানিবাসে অবস্থিত আইএসএসবি এর নিকট পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য নির্ধারিত তারিখে উপস্থিত হতে হবে। পরীক্ষা/সাক্ষাৎকারের তারিখ আইএসএসবি'র ওয়েবসাইটে প্রকাশ করা হবে। এই পরীক্ষা চার দিনে সম্পন্ন হবে এবং যাবতীয় ব্যয় সরকার কর্তৃক বহন করা হবে।

১৬। **চূড়ান্ত নির্বাচন এবং যোগদান নির্দেশিকা প্রদান**। উপরোক্ত সকল পরীক্ষায় যোগ্যতা অর্জন সাপেক্ষে শূন্যাসনের অনুকূলে মেধাক্রম অনুযায়ী প্রার্থীদেরকে সেনাবাহিনী সদর দপ্তর, এ্যাডজুটেন্ট জেনারেল শাখা, পার্সোনেল এ্যাডমিনিস্ট্রেশন পরিদপ্তর কর্তৃক চূড়ান্তভাবে নির্বাচিত ঘোষণা এবং পরবর্তীতে যোগদান নির্দেশিকা প্রদান করা হবে।

১৭। আইএসএসবি গ্রীণ কার্ডের মেয়াদ ০১ বছর (৩৬৫ দিন) বলবৎ থাকবে।

প্রশিক্ষণ ও কমিশনঃ

১৮। **বিএমএ প্রশিক্ষণ**। চূড়ান্তভাবে নির্বাচিত হওয়ার পর ট্রেইনি অফিসার হিসাবে বিএমএ'তে ২০ (বিশ) সপ্তাহ প্রশিক্ষণ গ্রহণ করবেন।

১৯। **কমিশন ও পশ্চাৎ প্রবীণতা**। কৃতকার্যের সাথে প্রশিক্ষণ সমাপ্তির পর ক্যাপ্টেন পদে কমিশন এবং কমিশনের তারিখ হতে নিম্নরূপভাবে পশ্চাৎ প্রবীণতা (এ্যান্টিডেট সিনিয়রিটি) প্রদান করা হবেঃ

ক। **আর্মি মেডিকেল কোর (এএমসি)**। ০৩ (তিন) বছর।
খ। **আর্মি ডেন্টাল কোর (এডিসি)**। ০২ (দুই) বছর ০৬ (ছয়) মাস।

প্রাপ্ত সুযোগ সুবিধাঃ

২০। **বেতন-ভাতা**। সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য সুবিধাদিসহ সশস্ত্র বাহিনীর বেতনক্রম অনুযায়ী অফিসারগণ বেতন ও ভাতা প্রাপ্ত হবেন।

২১। অন্যান্য বিশেষত্বঃ

ক। **উচ্চতর শিক্ষা ও বিদেশে প্রশিক্ষণ**। ব্যক্তিগত যোগ্যতার ভিত্তিতে উচ্চতর শিক্ষা ও বিদেশে প্রশিক্ষণের সুযোগ।

খ। **বাসস্থান**। নিরাপদ ও মনোরম পরিবেশে মানসম্পন্ন সুসজ্জিত বাসস্থান প্রাপ্তির সুযোগ।

গ। **চিকিৎসা**। সামরিক হাসপাতালসমূহে উন্নতমানের চিকিৎসা সুবিধা ও দুরারোগ্য ব্যাধিতে উন্নত চিকিৎসার প্রয়োজন হলে বিধি মোতাবেক নগদ অর্থ প্রদানসহ বিদেশে পাঠানোর ব্যবস্থা।

ঘ। **সন্তানদের অধ্যয়ন**। নিজ সন্তানদের জন্য ক্যাডেট কলেজ, আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ (AFMC), মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি (MIST), বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ (BUP) এবং সেনাবাহিনীর তত্ত্বাবধানে পরিচালিত স্কুল/কলেজে অধ্যয়নের সুযোগ।

বিশেষ নির্দেশনা

২২। সামরিক মৌলিক প্রশিক্ষণের প্রয়োজনে প্রার্থীদেরকে বিএমএ'তে যোগদানের পূর্বে সাঁতার শেখার জন্য উপদেশ দেয়া হলো।

২৩। এএফএমসি হতে পাশকৃত এএফএমসি/এএমসি ক্যাডেটগণকে এএফএমসি'র মাধ্যমে অন-লাইনে আবেদন করতে হবে।

২৪। বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তনের ক্ষমতা সেনাবাহিনী সদর দপ্তর সংরক্ষণ করে।

২৫। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের যোগদানপত্র প্রদান/বাতিলের ক্ষমতা সেনাবাহিনী সদর দপ্তর সংরক্ষণ করে।

আবেদনের শেষ তারিখ
২০২১
২৪ জুলাই

**আবেদনের শেষ তারিখঃ ২৪ জুলাই ২০২১**
**অনলাইনে আবেদন করতে ভিজিট করুন**
https://joinbangladesharmy.army.mil.bd

**পরিচালক**
পার্সোনেল এ্যাডমিনিস্ট্রেশন পরিদপ্তর
এ্যাডজুটেন্ট জেনারেল শাখা, সেনাবাহিনী সদর দপ্তর, ঢাকা

অনলাইনে আবেদন করতে ভিজিট করুন https://joinbangladesharmy.army.mil.bd